“তোমরা সত্যকে ধারণ কর। কেননা সততা নেক কর্মের দিকে পথপ্রদর্শন করে, আর নেককর্ম জান্নাতের পথপ্রদর্শন করে

’আবদুল্লাহ ইবন মাসউদ রাদিয়াল্লাহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “তোমরা সত্যকে ধারণ কর। কেননা সততা নেক কর্মের দিকে পথপ্রদর্শন করে, আর নেককর্ম জান্নাতের পথপ্রদর্শন করে। কোন ব্যক্তি সর্বদা সত্য কথা বললে ও সত্য বলার চেষ্টায় রত থাকলে, অবশেষে আল্লাহর নিকটে সে সত্যবাদী হিসেবে লিপিবদ্ধ হয়। আর তোমরা মিথ্যা বলা থেকে বিরত থাকো! কেননা মিথ্যা পাপের দিকে পথপ্রদর্শন করে। আর পাপ নিশ্চিত জাহান্নামের দিকে পরিচালিত করে। কোন ব্যক্তি
সর্বদা মিথ্যা কথা বললে এবং মিথ্যার উপর অবিচল থাকার চেষ্টা করলে, অবশেষে সে আল্লাহর নিকট মিথ্যাবাদীরূপে লিপিবদ্ধ হয়”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম সততার নির্দেশ দিয়েছেন এবং তিনি বলেছিলেন যে এটি মেনে চলা স্থায়ী ভাল কাজের দিকে পরিচালিত করে এবং যে ব্যক্তি ভাল কাজ করতে থাকে তার আমল তাকে জান্নাতে নিয়ে যায়। আর তার থেকে বারবার গোপনে ও প্রকাশ্যে সততা প্রকাশ পায়, ফলে সে সিদ্দীক নামের উপযুক্ত হয়। সিদ্দীক অর্থ হলো অধিক সত্যবাদী। অতঃপর তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মিথ্যা ও বাতিল কথা বলার বিরুদ্ধে সতর্ক করেছেন। কারণ এটি মানুষকে সততা থেকে দূরে সরে যেতে এবং মন্দ কাজ, দুর্নীতি ও পাপ করতে উদ্বুদ্ধ করে, তারপর এটি তাকে জাহান্নামের দিকে নিয়ে যায়। আর সে অনেক মিথ্যা বলতে থাকে অবশেষে আল্লাহর কাছে মিথ্যাবাদী হিসাবে লিপিবদ্ধ হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5504